চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

মহান বিজয় দিবসে চসিক'র দিনব্যাপী কর্মসূচী

চট্টগ্রাম- ১৫ ডিসেম্বর ২০১৮ ইং

মহান বিজয় দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন দিনব্যাপী কর্মসূচী গ্রহণ করেছে। কর্মসূচীর মধ্যে আগামীকাল ১৬ ডিসেম্বর রবিবার সূর্য উদয়ের সাথে সাথে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন, সকাল ৬.৪৫ টায় নগরভবন বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, সকাল ৮ টায় কর্পোরেশনভূক্ত বিদ্যালয় ও কলেজসমূহের স্কাউট, গার্লস গাইড, রোভার-রেঞ্জার, কাব এবং ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কর্ণফুলী সেতু সংলগ্ন বাকলিয়া চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্টেডিয়ামে সমাবেশ, ৮.৩৫ টায় জাতীয় ও কর্পোরেশন পতাকা উত্তোলন, ৮.৫৫ টায় প্যারেড পরিদর্শন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ এবং সকাল ৯ টা ৫০ মিনিটে ডিসপ্লে অনুষ্ঠিত হবে। এই কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সালাম গ্রহণ করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। পরে সিটি মেয়র কুচকাওয়াজ ও ডিসপ্লেতে অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন।
বিকেল ৩ টায় কর্পোরেশনের পার্কিং লটে আলোচনা সভা ও সাংস্কৃতিক প্রতিযোগীতায় বিজয়ীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। **এছাড়া ১৭ ডিসেম্বর সকাল ১১ টায় নগরীর ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউটে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।**

বিজয় দিবসের সিটি মেয়রের শুভেচ্ছা বাণী

চট্টগ্রাম -১৫ ডিসেম্বর-২০১৮ ইংরেজী।

আটচল্লিশতম মহান বিজয় দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। তিনি আজ বিনম্র চিত্তে পরম শ্রদ্ধার সাথে স্মরণ করে বলেন, মহান মুক্তিযুদ্ধের ত্রিশলাখ শহীদ ও তিনলাখ মা-বোনের অসামান্য আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন দেশ। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে মেয়র বলেন, তাঁর আহবানে জাতি সাড়া দিয়ে নয়মাস মরণপন যুদ্ধের মাধ্যমে বাঙালী জাতি ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর কাংখিত বিজয় অর্জন করে।মেয়র বলেন ২০২১ সালে বাংলাদেশের সুবর্ণজয়ন্তী উদযাপিত হবে। এই সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে দলমত নির্বিশেষে সকলের ঐকান্তিক প্রচেষ্ঠায় একটি সুখী,সমৃদ্ধ,অসাম্প্রদায়িকও মুক্তিযুদ্ধের চেতনায় বাংলাদেশ গড়ে তোলাই আমাদের লক্ষ্য। এই লক্ষ্য বাস্তবায়নে মেয়র আগামী একাদশ জাতীয় নির্বাচনে নিজ নিজ অবস্থান থেকে সকলকে দায়িত্বশীল অবদান রাখার জন্য আহবান।

প্রেস বিজ্ঞপ্তি

মাসব্যাপি আন্তর্জাতিক বাণিজ্যে ও রপ্তানি মেলা -২০১৮ এর উদ্বোধনকালে মেয়র কোনো অপতৎপরতা তৈরী পোষাক শিল্পখাতের অগ্রগতি ঠেকিয়ে রাখতে পারবে না

চট্টগ্রাম-১৫ ডিসেম্বর-২০১৮ইংরেজী।

আজ শনিবার সকালে চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি কর্তৃক আয়োজিত ৫ম বাংলাদেশ আন্তর্জাতিক বাণিজ্য ও রপ্তানি মেলা-২০১৮ চট্টগ্রামের ফিরিঙ্গি বাজারস্থ মেরিনার্স রোড সংলগ্ন চট্টগ্রাম বন্দরের মালিকানাধীন মাঠে উদ্বোধন করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র জনাব আ.জ.ম নাছির উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বন্দর কৃর্তপক্ষের বোর্ড সদস্য (প্রকৌশল) কমোডর খন্দকার আকতার হোসেন। চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সভাপতি জনাব খলিলুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্থানীয় কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব ,জমালখান ওয়ার্ডের কমিশনার শৈবাল দাস সুমন ও মেলা কমিটির কনভেনার জনাব আমিনুজ্জামান ভূঁইয়া বক্তব্য রাখেন । অনুষ্ঠানে সিএমসিসিআই সহ সভাপতি জনাব এ.এম. মাহবুব চৌধুরী ধন্যবাদ জ্ঞাপন করেন।   মঞ্চে উপস্থিত ছিলেন সিএমসিসিটিআই এর পরিচালক মোহাম্মদ আব্দুল আউয়াল,হাজী এম.এ.মালেক, প্রফেসর জাহাঙ্গীর চৌধুরী, আলহাজ্ব মোহাম্মদ শফি, জসিম উদ্দিন চৌধুরী, সুলতানা শিরিন আক্তার, দিদারুল আলম, আলহাজ্ব আহমেদুল হক, এম. সোলায়মান এফসিএমএ এবং বিএসআরএম এর প্রতিনিধি জনাব শোভন মোহাম্মদ সাহবউদ্দিন রাজ সিএমসিসি আই এর সাধারন সদস্য, গন্যমান্য ব্যক্তিবর্গ সংস্থার উচ্চ পদস্থ কর্মকর্তবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন রাজনীতি স্থিতিশীল অবস্থা বিরাজমান আছে বিধায় দেশের অগ্রযাত্রা অব্যহত রয়েছে। ব্যবসায়ীরা নিরবচ্ছিন্ন ভাবে ব্যবসা বাণিজ্য করছেন । আর সরকার সর্বাত্মক সহযোগিতা দিচ্ছে। ফলে বাংলাদেশ স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের মর্যাদা লাভ করেছে। এই প্রসংগে মেয়র বলেন গত ১০ বছরে এই সরকারে সুষ্ঠু নীতির কারণে দেশের প্রতি সেক্টরে প্রবৃত্তির হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। যা সরকারে ধারাবাহিকায় সম্ভব হয়েছে। তিনি বলেন পোষাক শিল্পে নিয়ে অনেক কথা শুনি। কিন্তু বাস্তবে এর বিপরীত। এই তৈরী পোষাক শিল্প বাংলাদেশের অর্থনীতির প্রাণ। বাংলাদেশের উদীয়মান এই শিল্পকে নিয়ে অতীতেও আন্তর্জাতিক যড়যন্ত্র ছিল। এখনো আছে। তবে কোনো অপতৎপরতা তৈরী পোষাক শিল্পখাতের অগ্রগতি ঠেকিয়ে রাখতে পারবে না মেয়র মন্তব্য করেন। মেরিনার্স রোড়ে মেলা আয়োজনের জন্য চেম্বার কৃর্তপক্ষকে ধন্যবাদ জানিয়ে মেয়র বলেন ব্যবসা -বাণিজ্যে প্রচার প্রচরনা জন্য মেলার বিকল্প নেই।

উদ্বোধনী অনুষ্ঠানে মেলার কনভেনার জনাব আমিনুজ্জামান ভূঁইয়া মেলার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত বিষয়ে সকলকে অবহিত করেন।

সিএমসিসিআই সভাপতি জনাব খলিলুর রহমান তার উদ্বোধনী ভাষনে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে মেলার মাঠ ব্যবহারের অনুমতি প্রদান করায় কৃতজ্ঞতা জানান। বন্দর চেয়ারম্যানের পক্ষে বোর্ড সদস্য (প্রকৌশল) কমোডর খন্দকার আকতার হোসেন তার বক্তব্যে বলেন যে, দেশের ব্যবসা বাণিজ্য সম্প্রসারনে চবক সকল সময় ব্যবসায়ী সম্প্রদায়ের সাথে সম্পৃক্ত হতে পেরে গর্বিত। এই মেলা আজ ১৫ ডিসেম্বর ২০১৮ থেকে মাসব্যাপী বাণিজ্য মেলা ফিরিঙ্গি বাজারস্থ মেরিনার্স রোড সংলগ্ন চট্টগ্রাম বন্দরের মালিকানাধীন মাঠে সকাল ১০টা থেকে বিকাল ১০ টা পর্যন্ত চলমান থাকবে।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন